“মুজিব বর্ষের আহবান,
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০১১.২১. ১৪৬

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮
০৪ আগস্ট ২০২১

বিষয় : জনাব মোঃ আব্দুল আউয়াল, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, নাঙ্গলকোট, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নং ১৪/২০২১ তারিখ: ০৪/০৮/২০২১)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ আব্দুল আউয়াল, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, নাঙ্গলকোট, কুমিল্লা এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকার এনফোর্সমেন্ট ইউনিট কর্তৃক আনীত অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য জনাব জেড এম মিজানুর রহমান খান, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লাকে সমাজসেবা অধিদফতরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০১৪. ২৭.০১১.২১.৩৫ তারিখ ০৮/০২/২০২১ যোগে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, প্রাথমিক তদন্তে আপনার বিরুদ্ধে ভাতাভোগীদের নিকট থেকে সরকারি সেবা দেওয়ার ক্ষেত্রে গড়িমসি করা, সেবা গ্রহীতাদের নিকট থেকে আর্থিক সুবিধা নেওয়া, দায়িত্ব হস্তান্তরের ক্ষেত্রে গড়িমসি করা, রুটিন কাজের বাইরে গিয়ে প্রতিবন্ধী কার্ড ও ভাতার বই দিয়ে দেওয়া এবং সেগুলিতে বিভিন্ন সময় কর্মকর্তার স্বাক্ষর জাল করার অভিযোগের সত্যতা পাওয়া যায়;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ আব্দুল আউয়াল কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত : অভিযোগ বিবরণী-০১ পাতা

০৪/৮

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ৯১৩১৯৬৬

জনাব মোঃ আব্দুল আউয়াল
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়
নাঙ্গলকোট, কুমিল্লা

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০১১.২১. ১৪৮

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮ / ০৪ আগস্ট ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. পরিচালক(প্রশাসন ও অর্থ)/কার্যক্রম/সামাজিক নিরাপত্তা/প্রতিষ্ঠান, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, বাড়ি-২৩, রোড-২, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।

৩. উপপরিচালক(প্রকাশনা, গবেষণা ও মূল্যায়ণ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা।

৫. সহকারী পরিচালক(প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৬. উপজেলা সমাজসেবা অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা।

৭. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা।

০৪/০৮/২০২১

মোঃ নূরুল হক মিয়া

উপপরিচালক(প্রশাসন ও অর্থ)

অভিযোগ বিবরণী

জনাব মোঃ আব্দুল আউয়াল, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, নাঙ্গালকোট, কুমিল্লা এর বিরুদ্ধে প্রাথমিক তদন্তে ভাতাভোগীদের নিকট থেকে সরকারি সেবা দেওয়ার ক্ষেত্রে গড়িমসি করা, সেবা গ্রহীতাদের নিকট থেকে আর্থিক সুবিধা নেওয়া, দায়িত্ব হস্তান্তরের ক্ষেত্রে গড়িমসি করা, রুটিন কাজের বেইরে গিয়ে প্রতিবন্ধী কার্ড ও ভাতার বই দিয়ে দেওয়া এবং সেগুলিতে বিভিন্ন সময় কর্মকর্তার স্বাক্ষর জাল করার অভিযোগের সত্যতা পাওয়া যায়।

তার উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

০৪/০৮/২০২২

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক